কুষ্টিয়া রেজিস্ট্রি অফিসে নতুন কমিটি করে চাঁদাবাজির পাঁয়তারা

কুষ্টিয়া সদর সাব-রেজিস্ট্রি অফিসে দলিল লেখক সমিতির নতুন কমিটি গঠনকে কেন্দ্র করে বিতর্ক সৃষ্টি হয়েছে। প্রস্তাবিত কমিটিতে আওয়ামী লীগ সরকারের আমলে প্রভাবশালী হিসেবে পরিচিত কয়েকজনকে রাখার উদ্যোগ নেওয়া হচ্ছে এবং সমিতির নামে দলিলপ্রতি অতিরিক্ত অর্থ আদায়ের পরিকল্পনা চলছে বলে অভিযোগ করেছেন নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন দলিল লেখক।

অভিযোগকারীদের দাবি, গত শনিবার (১০ অক্টোবর) কুষ্টিয়া শহরের হরিশংকরপুর এলাকায় দলিল লেখক আমিরুল ইসলামের দ্বিতীয় স্ত্রীর বাড়িতে এ-সংক্রান্ত একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সাবেক কাউন্সিলর সোহেল রানা আশা উপস্থিত ছিলেন বলেও দাবি করা হয়েছে।

অভিযোগ অনুযায়ী, প্রস্তাবিত কমিটিতে আতিকুজ্জামান রাজুকে সভাপতি, মশিউর রহমান শিমুলকে সহসভাপতি, সোহেল রানা আশাকে সাধারণ সম্পাদক এবং আমিরুল ইসলামকে কোষাধ্যক্ষ করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়া ওয়াহিদুজ্জামান লাইজুকে সরাসরি কমিটিতে না রেখে তাঁর ভাই আতিকুজ্জামান রাজুকে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। তবে আড়ালে থেকে ওয়াহিদুজ্জামান লাইজু কমিটির মূল দায়িত্ব পালন করতে পারেন বলেও অভিযোগ করেছেন তাঁরা।

সূত্রগুলোর দাবি, বৈঠকে দলিল লেখক শিমুল, আশা, আমিরুল, মানিক, মমিন ও রাজুসহ কয়েকজন উপস্থিত ছিলেন।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন দলিল লেখকের অভিযোগ, প্রস্তাবিত ব্যবস্থায় দলিলের মূল্য অনুযায়ী অতিরিক্ত অর্থ আদায়ের পরিকল্পনা করা হচ্ছে। তাঁদের দেওয়া তথ্য অনুযায়ী, প্রথম লাখে ৩ হাজার ৫০০ টাকা, দ্বিতীয় লাখে ২ হাজার টাকা এবং পরবর্তী লাখগুলোতে ১ হাজার টাকা করে আদায়ের পরিকল্পনার কথা বলা হয়েছে। এ হিসাবে ২০ লাখ টাকা মূল্যের দলিলের ক্ষেত্রে সর্বোচ্চ ২৩ হাজার ৫০০ টাকা আদায়ের পরিকল্পনা রয়েছে বলে দাবি তাঁদের।

এছাড়া, ৫ লাখ টাকা মূল্যের দলিলের ক্ষেত্রে ৮ হাজার ৫০০ টাকা

এবং হেবা ঘোষণাপত্রের দলিলের ক্ষেত্রে ৬ হাজার টাকা অতিরিক্ত আদায়ের পরিকল্পনা রয়েছে বলেও অভিযোগ করা হয়েছে।

তবে এসব অর্থ আদায়ের প্রস্তাব আনুষ্ঠানিকভাবে উপস্থাপন করা হয়েছে কি না, সংশ্লিষ্টদের সম্মতি বা অনুমোদন রয়েছে কি না এবং বাস্তবে কারও কাছ থেকে এ ধরনের অর্থ আদায় করা হয়েছে কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

সমিতির সাধারণ সম্পাদক বলেন, এ বিষয়ে দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক সোহেল রানা আশার সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, “আমরা সমিতির কার্যক্রম শুরু করার চেষ্টা করেছিলাম। লোকাল এমপি এটা করতে দেননি। সবাইকে নিয়ে এই সমিতি চালাতে চেয়েছিলাম। সমিতি না থাকায় কারেন্ট বিল ঘরে ঘরে গিয়ে আনতে হচ্ছে। ড্রেন পরিষ্কার করা হচ্ছে না। সব জায়গায় সমিতি আছে, শুধু কুষ্টিয়া সদরে হচ্ছে না। গত শুক্রবার আমরা রেজিস্ট্রি অফিসে বসেছিলাম।”

অন্যদিকে, ওয়াহিদুজ্জামান লাইজুর সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁর বক্তব্য পাওয়া যায়নি। ব্যবহৃত ফোন নম্বর বন্ধ পাওয়া যায় বলে জানা গেছে।

জেলা রেজিস্ট্রার বলেন, কুষ্টিয়া জেলা রেজিস্ট্রার গাজী মুহাম্মদ আব্দুল করিমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, “আমি কোনোভাবেই সমিতি করে অতিরিক্ত টাকা আদায় করতে দেব না। গত রাতে এমপি মহোদয় ফোন দিয়েছিলেন, তিনিও সমিতি করতে নিষেধ করেছেন।”

ঝিনাইদহ জেলা ছাত্রদলের নতুন কমিটির তিন নেতার পদত্যাগ

ঝিনাইদহ জেলা ছাত্রদলের নবগঠিত ০৬ সদস্যের কমিটি থেকে তিন জন পদত্যাগ করেছে। কেন্দ্রীয় ঘোষিত এই কমিটির মেয়াদ ২৪ ঘন্টা পার না হতেই তারা নিজস্ব ফেসবুকে স্ট্যাটাস দিয়ে নিজেকে ছাত্রদল থেকে অব্যাহতির।

গত ১২মে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এবং নাসির উদ্দীন নাসির স্বাক্ষরিত এক চিঠিতে মোঃ ইমরান হোসেন কে সভাপতি এবং শাহরিয়ার রাসেল কে সাধারণ সম্পাদক করে ঝিনাইদহ জেলা ছাত্রদলের ৬সদস্যের আংশিক জেলা কমিটি ঘোষণা করেণ। এতে সিনিয়র সহ সভাপতি ছিলেন মোঃ সাইদুর রহমান শাহেদ, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম, যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ এবং সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান।

এই কমিটি ঘোষণা হওয়ার পরের দিন ১৩মে নতুন কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক বখতিয়ার মাহমুদ ফেসবুকে স্ট্যাটাস দিয়ে পদত্যাগের ঘোষণা দেন এর পর পরই নবগঠিত কমিটির সিনিয়র সহসভাপতি মোঃ সাইদুর রহমান শাহেদ এবং ১৪ মে সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম ছাত্রদল ছাড়ার ঘোষণা দেন। তারা ফেসবুকে কাঙ্খিত পদ না পাওয়ায় হতাশা ব্যক্ত করে এই পোস্ট দেন। এতে জেলা ছাত্রদলের অন্য নেতাদের মধ্যেও হতাশার ছাপ দেখা গেছে।

এবিষয়ে নবগঠিত কমিটির সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল বলেন, যারা ফেসবুকে স্ট্যাটাস দিয়ে পদত্যাগ করেছেন তারা লিখিত ভাবে অফিসিয়ালি পদত্যাগ পত্র জমা দিয়েছেন কিনা আমার জানা নাই, তবে আমরা একসাথেই রাজপথে আন্দোলন সংগ্রাম করেছি বড় হয়েছি এখন হয়তো তাদের কাঙ্খিত পদ না পাওয়ায় এমনটি করতে পারে। আমার ক্ষেত্রে হলেও এমনটি হতে পারতো, আশাকরি সময়ের সাথে সাথে ঠিক হয়ে যাবে এবং আবার সবাই একসাথে জননেতা জনাব তারেক রহমানের নির্দেশিত উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন এবং দেশ গঠনে কাজ করে যাব।

ঝিনাইদহে সূর্যোদয় নাট্য গোষ্ঠীর নতুন কমিটি গঠন

ঝিনাইদহে সূর্যোদয় নাট্য গোষ্ঠীর নতুন কমিটি গঠন করা হয়েছে। দুই বছর মেয়াদী এই পরিচালনা কমিটিতে মোঃ হায়দার আলীকে সভাপতি এবং বিশিষ্ট কৌতুক অভিনেতা হুমায়ন কবিরি টুকুকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে।

শনিবার (৯ মে) রাতে শহরের পাগলাকানাই প্রোফেসর কমিউনিটি সেন্টারে এই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গঠনতন্ত্র অনুযায়ী আহবায়ক কমিটির মেয়াদ পূর্ণ হওয়ায় কমিটি ভেঙ্গে দিয়ে সকলের সম্মতিক্রমে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়।

কমিটির অন্যান্য পদে নির্বাচিতরা হলেন সহ-সভাপতি ড.তপন কুমার গাঙ্গুলী, সহ-সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম ফিরোজ, সাংগঠনিক সম্পাদক কাজী মোহাম্মদ আলী পিকু, কোষাধ্যক্ষ প্রদীপ পালিত, দপ্তর সম্পাদক কাজল চট্টোপাধ্যায়, তথ্য ও প্রচার সম্পাদক সম্প্রিতী নন্দী। এছাড়া নির্বাহী সদস্য নির্বাচিত হয়েছেন মোঃ সেলিম রেজা, খলিলুর রহমান মফিজ,মোঃ টিপু সুলতান, অশোক কর্মকার ও মামুনুর রহমান তুরান। এই ১১ সদস্য বিশিষ্ট পরিচালনা কমিটি আগামী দুই বছর যাবৎ সংগঠনটির দায়িত্ব পালন করবেন।

চুয়াডাঙ্গায় ছাত্রশিবিরের নতুন কমিটি ঘোষণা

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির চুয়াডাঙ্গা জেলা শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটায় চুয়াডাঙ্গা জেলা জামায়াতের কার্যালয়ে এক অনুষ্ঠানে এই সেটআপ ঘোষণা করা হয়। অনুষ্ঠানে সাবেক সভাপতি মো. সাগর আহমেদকে জেলা সভাপতি হিসেবে মনোনীত করা হয় এবং সাবেক অফিস সম্পাদক হাফেজ মাসুম বিল্লাহকে জেলা সেক্রেটারি হিসেবে নির্বাচিত করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় ছাত্র অধিকার সম্পাদক মহিবুর রহমান মুহিব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইউসুব আলী।

এছাড়া উপস্থিত ছিলেন ছাত্রশিবির চুয়াডাঙ্গা জেলা শাখার সাবেক সভাপতি মফিজুর রহমান জোয়ার্দার, হাফেজ বিলাল হুসাইন, মাহফুজুর রহমান ও মহসিন এমদাদুল্লাহ জামেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা পৌর আমির হাসিবুল ইসলাম,

জেলা অর্থ সম্পাদক বায়েজিদ বোস্তামী, জেলা সাহিত্য সম্পাদক আবু রায়হানসহ বিভিন্ন থানা পর্যায়ের দায়িত্বশীল নেতারা।

প্রধান অতিথি তার বক্তব্যে নবনির্বাচিত দায়িত্বশীলদের উদ্দেশে বলেন, যারা দায়িত্বপ্রাপ্ত হয়েছেন, তাদের একার পক্ষে সব কাজ করা সম্ভব নয়। আমাদের সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে। যুবসমাজকে সব ধরনের অনৈতিক ও ক্ষতিকর কর্মকাণ্ড থেকে ফিরিয়ে এনে একটি সুন্দর চুয়াডাঙ্গা জেলা গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নবনির্বাচিত জেলা সভাপতি সাগর আহমেদ। সঞ্চালনা করেন সাবেক সেক্রেটারি হাফেজ আমিরুল ইসলাম।

সভায় সংগঠনের সাংগঠনিক কার্যক্রম জোরদার, শিক্ষার্থীদের অধিকার রক্ষা এবং নৈতিক মূল্যবোধভিত্তিক সমাজ গঠনে ভূমিকা রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

শপথ গ্রহণের মধ্য দিয়ে মুজিবনগর প্রেসক্লাবের নতুন কমিটির যাত্রা শুরু

মুজিবনগরে মাটিতে এই প্রথম সদস্যদের শপথ গ্রহণের মধ্য দিয়ে ঐতিহাসিক মুজিবনগরের একমাত্র সাংবাদিকদের সংগঠন মুজিবনগর প্রেসক্লাবের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে।

মুজিবনগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের গণপূর্ত রেস্ট হাউসে আজ সোমবার দিনব্যাপী এক উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে সকল সদস্য সম্মতিক্রমে মুন্সি ওমর ফারুক প্রিন্সকে পুনরায় সভাপতি ও ভোরের কাগজের ও মেহেরপুর প্রতিদিন এর মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শের খান) কে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কমিটি ঘোষনা করেন।

মেহেরপুর প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি জৈষ্ঠ সাংবাদিক রুহুল কুদ্দুস টিটো উপস্থিত থেকে সকল সদস্যদের শপথ বাক্য পাঠ করান ।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি দৈনিক সংগ্রাম প্রতিনিধি খাইরুল বাশার, সাংগঠনিক সম্পাদক নিউজ টোয়েন্টিফোর প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, কোষাধক্ষ্য মাথাভাঙ্গা ও যায়যায় দিন প্রতিনিধি শেখ শফিউদ্দিন, দপ্তর সম্পাদক জবাবদিহি প্রতিনিধি শাকিল রেজা।

নির্বাহী সদস্যরা হলেন, সময়ের সমীকরনের প্রতিনিধি সোহাগ মন্ডল, আকাশ খবরের প্রতিনিধি রেজাউল করিম, দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকার প্রতিনিধি জাহিদ হাসান, দৈনিক সত্য খবরের প্রতিনিধি তুহিন আলী।

এর আগে প্রথম সেশনে কমিটির বিলুপ্ত ঘোষণা করা হয় এবং সবার মতামত গ্রহন সাপেক্ষে নতুন কমিটি গঠন করা হয়। দুপুরের বিরতির পরে দ্বিতীয় সেশনে নতুন কমিটি ঘোষনা এবং শপথ গ্রহন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রদলের নতুন কমিটি; সেনজির সভাপতি, বিপ্লব সম্পাদক

আকিব জাভেদ সেনজিরকে সভাপতি ও সাজেদুর রহমান বিপ্লবকে সাধারণ সম্পাদক করে মেহেরপুর জেলা ছাত্রদলের ১৫ সদস্যের আংশিক কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় কমিটি।

গতকাল বৃহস্পতিবার (০৭ সেপ্টেম্বর) কেন্দ্রীয় ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি রাশেদ ইকবাল খান ও সাধারণ সম্পাদক সাইফ মাহমুদ জুয়েল এ কমিটি অনুমোদন দেন। কমিটির অন্য সদস্যরা হলেন- সিনিয়র সহসভাপতি আলমগীর হোসেন, সহসভাপতি তৌফিক এলাহি শাকিল, নাহিদ মাহবুব সানি, নাজমুল হক শান্ত, জুয়েল রানা, রেজওয়ানুল হক ইমন,

সিনিয়র যুগ্ম সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, যুগ্ম সম্পাদক আমির হাসান হিমেল ও সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী সাঈদ, সহ সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, রাসেল আহমেদ, দপ্তর সম্পাদক লিজন আলী, প্রচার সম্পাদক রাব্বী হোসেন।

আগামী এক মাসের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি তৈরি করে কেন্দ্রে পাঠানোর নির্দেশনা দেওয়া হয়েছে।

মেহেরপুর জেলা আ’লীগের নতুন কমিটির পরিচিতি সভা

মেহেরপুর জেলা আওয়ামী লীগের নতুন কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে নতুন কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সভাপতিত্বে নবনির্বাচিত কমিটির পরিচিতি সভায় কেন্দ্র কার্যনির্বাহী কমিটির সদস্যরা নিজ নিজ নাম ও পদবী বলে পরিচিতি সভায় সকলের সাথে পরিচিত হন। পরিচিতি শেষে এক রুদ্ধ দ্বার বৈঠক হয় । তবে এই পরিচিতি সভায় ৭৫ সদস্যের জেলা আওয়ামী লীগ কমিটি ও ২২ সদস্যের উপদেষ্টা মন্ডলীর বেশ কিছু হেভিওয়েট নেতা অনুপস্থিত ছিলেন। দলীয় সূত্র থেকে জানা গেছে অনুপস্থিত নেতাদের মধ্যে অনেকেই অসুস্থতা জনিত কারণে উপস্থিত হতে পারেন নাই।

পরিচিতি পর্বের শেষ পর্যায়ে অনুষ্ঠানের সভাপতি জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বক্তব্যের সময় বিদ্যুৎ বিভ্রাটে তার বক্তব্যের ছন্দপতন ঘটে। পরে নবগঠিত জেলা কমিটির সদস্যদের এক রুদ্ধ দ্বার বৈঠক হয়।

তবে রুদ্ধদ্বার বৈঠক শেষে দীর্ঘদিন ধরে চলমান দলীয় কোন্দল সমাধানের অগ্রগতি নিয়ে কমিটির কোন সদস্যই বক্তব্য প্রদান করতে রাজি হয়নি।

উল্লেখ্য, সম্মেলনের ১৩ মাস পর গত ২৩ জুন জন্য মেহেরপুর জেলা আওয়ামী লীগের ৭৫ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটিসহ ২২ সদস্যের উপদেষ্টা কমিটির অনুমোদন করা হয়েছে।

মেহেরপুরে শুভসংঘের নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা

মেহেরপুরে প্রতিমাসে অন্তত একটি করে ভালো কাজ করার প্রত্যয় নিয়ে অনুষ্ঠিত হলো নতুন কমিটির অভিষেক ও পরিকল্পনা সভা।

আজ মঙ্গলবার (১৭ জানুয়ারি) দুপুরে মেহেরপুর প্রতিদিন পত্রিকা অফিসের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কালের কন্ঠ শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি অধ্যাপক নূরুল আহমেদের সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন কালের কণ্ঠ জেলা প্রতিনিধি শুভসংঘর জেলা শাখার প্রধান উপদেষ্টা ইয়াদুল মোমিন, সাংবাদিক মাহাবুব চান্দু, রেজ আন উল বাসার, শহিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক, কামরুল ইসলাম।

শুভ সংঘের নতুন কমিটির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ পলাশের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সহ সভাপতি বশির উদ্দিন, রফিকুল আলম বকুল, সাবেক সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক বাদশা খান, নারী বিষয়ক সম্পাদক মৌসুমী খাতুন।

সভাপতি নতুন কমিটির সদস্যদের সঙ্গে পরিচিত সকলকে পরিচয় করিয়ে দেন।

নতুন কমিটিতে অন্যদের মধ্যে যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদ ইসলাম, সাংগঠনিক সম্পাদ আল মাসুম শেখ, সহ সাংগঠনিক সম্পাদক সোহেল রানা, কোষাধ্যক্ষ আসিফ ইকবাল শুভ, দপ্তর সম্পাদক নাসিম হাসান, প্রচার সম্পাদক উবায়দুল্লাহ, বিজ্ঞান বিষয়ক সম্পাদক ইয়াসির ইউসুফ ইমন, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক নাফিউল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম, ছানোয়ার হোসেন, আবু রায়হান নিরব, তামান্না

তানভীর, তাহসিন হাদি ধ্রুব, সৈকত আহম্মেদ, তানজিমুল ইসলাম, সাগর আলী, আকাশ আলী, জাহিদুল ইসলাম।
এর আগে গত বৃহস্পতিবার বিকেলে নতুন কমিটি গঠন করা হয়।

নূরুল আহমেদকে পুনরায় সভাপতি করে ২৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি গঠন শেষে মঙ্গলবার অভিষেক ও পরিকল্পনার সভার দিন নির্ধারণ করা হয়। পরিকল্পনা সভা শেষে মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে কর্মসূচী শেষ হয়।

মেহেরপুর থিয়েটারের রজতজয়ন্তী ও নতুন কমিটি ঘোষণা

মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে সাধারণ সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম।

এ সময় মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে ২১ সদস্য বিশিষ্ট নতুন কমিটির ঘোষণা করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি হিসেবে প্রফেসর হাসানুজ্জামান মালেক, সহ-সভাপতি পল্লব ভট্টাচার্য, সহ-সভাপতি হিসেবে আলী রেজা বিচু, সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান, যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ মিনারুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক সুলতানা রাজিয়া, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান রাজিব, অর্থ সম্পাদক মাহবুবুর রহমান বাবু, দপ্তর সম্পাদক জাহিদুল হক কাবরান, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ফৌজিয়া আফরোজ তুলি, নাট্য সম্পাদক মহিদুল ইসলাম, সংগীত বিষয়ক সম্পাদক এম সাইদুর রহমান, নিত্য বিষয়ক

সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মিনা পারভীন, কার্যনির্বাহী সদস্য আবুল হাসনাত দিপু, কার্যনির্বাহী সদস্য জানে আলম, কার্যনির্বাহী সদস্য মকলেচুর রহমান খোকন, কার্যনির্বাহী সদস্য আব্দুল মান্নান, কার্যনির্বাহী সদস্য আসাবুল ইসলাম কার্যনির্বাহী সদস্য রোকসনা আরার নাম ঘোষণা করা হয় এবং তাদের ফুলের মালা দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

এরপর মোমবাতির প্রজ্জলন ও কেক কেটে মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তি উদযাপন করা হয়।